মানবতার কল্যাণে নিবেদিত
# হেযবুত তওহীদ
(একটি অরাজনৈতিক আন্দোলন)

প্রতিষ্ঠাতা এমাম, এমামুযযামান
মোহাম্মদ বায়াজীদ খান পন্নী
সত্য প্রকাশে নির্ভীক অগ্রপথিক
প্রতিষ্ঠাকাল: ১৯৯৫

**প্রেস রিলিজ**

তারিখ: ২৪ মে ২০২৫

## ময়মনসিংহে হেযবুত তওহীদের কর্মী সম্মেলন
## ‘বিপর্যয় থেকে মুক্তি পেতে ইস্পাত কঠিন ঐক্যবদ্ধ জাতিসত্তা গড়ার আহ্বান’

ময়মনসিংহে হেযবুত তওহীদের উদ্যোগে ‘বাংলাদেশের নিরাপত্তা হুমকি মোকাবেলায় করণীয়’ শীর্ষক কর্মী সম্মেলন ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৪ মে ২০২৫) সকাল ১০টা থেকে জেলা হেযবুত তওহীদের আয়োজনে তারেক স্মৃতি অডিটোরিয়ামে দিনব্যাপি এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন হেযবুত তওহীদের শীর্ষ নেতা এমাম হোসাইন মোহাম্মদ সেলিম। সভাপতিত্ব করেন ময়মনসিংহ বিভাগীয় সভাপতি এনামুল হক বাপ্পা এবং উদ্বোধন করেন বিভাগীয় সাধারণ সম্পাদক রহমত উল্লাহ রানা।

হেযবুত তওহীদের এমাম হোসাইন মোহাম্মদ সেলিম তার বক্তব্যে বলেন, দেশের সামাজিক ও নৈতিক অবস্থা দিন দিন অবনতির দিকে যাচ্ছে। চুরি, খুন, দুর্নীতি, মিথ্যা মামলা এবং বিচার ব্যবস্থার স্থবিরতা বেড়েই চলেছে। অথচ ধর্মীয় কর্মকাণ্ডের বহর বাড়লেও সমাজে সৎ চরিত্র গড়ে ওঠেনি। এতে প্রমাণ হয় সমস্যা ধর্ম নয়, বরং আল্লাহর দেওয়া জীবনব্যবস্থা ‘দিনুল হক’-এর যথাযথ প্রয়োগ না থাকা।

তিনি বলেন, মানুষকে আল্লাহ যেমন সৃষ্টি করেছেন, তেমনি দিয়েছেন সঠিক পথের দিকনির্দেশনা। কিন্তু আজকের সভ্যতা সেই নির্দেশনা বাদ দিয়ে মানুষের তৈরি বিধান অনুসরণ করছে বলেই সমাজে অশান্তি, যুদ্ধ ও হানাহানি বেড়েছে। ব্যক্তি জীবনে মানুষ আল্লাহকে মানলেও রাষ্ট্রীয় জীবনে তার বিধান অগ্রাহ্য করায় দুর্দশা বেড়েছে।

বিশ্ব পরিস্থিতির প্রসঙ্গে তিনি বলেন, গোটা দুনিয়া আজ যুদ্ধ, সংঘর্ষ ও নৈরাজ্যে জর্জরিত। দক্ষিণ এশিয়ায় মায়ানমার, ভারত-পাকিস্তানসহ বিভিন্ন অঞ্চলে সংঘাতের আশঙ্কা বাড়ছে। ফিলিস্তিনে শিশুরা ক্ষুধায় মরছে, রোহিঙ্গারা বাস্তুচ্যুত। আর এসব সবকিছুর পেছনে রয়েছে মুসলিম উম্মাহর ঐক্যহীনতা। তিনি বলেন, মুসলমানরা আজ ৫৫টি আলাদা রাষ্ট্রে বিভক্ত, নিজেদের স্বার্থেই ব্যস্ত, তাই কোথাও মুসলমানদের ওপর নির্যাতন হলেও শক্ত প্রতিক্রিয়া আসে না।

বাংলাদেশের প্রসঙ্গে তিনি সতর্ক করে বলেন, এই দেশও নিরাপত্তাহীনতায় ভুগছে। যুদ্ধ পরিস্থিতি তৈরি হলে গাজার মতো অবস্থা হতে পারে। এই বিপর্যয় এড়াতে হলে ফেরকা ও দলাদলি থেকে মুক্ত হয়ে আল্লাহর বিধানের ওপর ইস্পাত কঠিন ঐক্যবদ্ধ জাতি গঠন করতে হবে। বিশ্বব্যাপী ধ্বংসযজ্ঞ থেকে বাঁচতে হলে আল্লাহর দেওয়া ব্যবস্থার দিকেই ফিরতে হবে। এই একমাত্র আদর্শিক নেতৃত্বই দেশ ও জাতিকে নিরাপদ রাখতে পারে বলেও মন্তব্য করেন তিনি।

সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হেযবুত তওহীদের ঢাকা বিভাগীয় আমির ডা. মাহবুব আলম মাহফুজ, ময়মনসিংহ জেলা সভাপতি বাচ্চু মিয়া, বিভাগীয় নারী সম্পাদক রোজিনা আক্তার, জেলা নারী সম্পাদক কাজল আক্তার প্রমুখ।

এর আগে এদিন সকাল ৮টা থেকে সম্মেলনস্থলে আসতে থাকেন হেযবুত তওহীদের নেতাকর্মীরা। এসময় হাজারো নেতাকর্মীদের আগমনে মুখরিত হয়ে ওঠে অনুষ্ঠানস্থল। দিনব্যাপী এ আয়োজনে হেযবুত তওহীদের নেতাকর্মী, স্থানীয় রাজনৈতিক ব্যক্তিত্ব, সুশীল সমাজের প্রতিনিধি, গণমাধ্যমকর্মী এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশ নেন।

এস এম সামসুল হুদা
তথ্য সম্পাদক
০১৬৭০-১৭৪৬৫১